৪।(ক) সত্যেন্দ্রনাথ দত্তের 'চম্পা' কবিতাটি নানাদিক থেকে কবির প্রতিনিধিস্থানীয় রচনা।— পর্যালোচনা করো। ১০

অথবা,

'পান্থ' কবিতার ছন্দের কারুকার্য অসাধারণ, উপমা ও চিত্রকলাগুলিও জীবন্ত।— আলোচনা করো।

(খ) নজরুল ইসলামের 'দারিদ্র্য' কবিতাটির কাব্যসৌন্দর্য বিচার করে তাঁর কবিপ্রতিভার বৈশিষ্ট্য নিরূপণ করো। ১০

অথবা,

কুমুদরঞ্জন মল্লিকের কবিতার বিষয় ও বলার ভঙ্গি সাধারণ অথচ সেই সাধারণত্বের মধ্যে আছে অসাধারণ আন্তরিকতা। 'পথের দাবী' কবিতা অবলম্বনে মন্তব্যটির সারসত্য বিচার করো।

৫।(ক) বিষ্ণু দের 'টপ্পা-ঠুংরি' কবিতায় নাগরিক জীবনের খণ্ডতা, অসংলগ্নতা ও ভঙ্গুরতা মূর্ত হয়ে উঠেছে।—আলোচনা করো। ১০

অথবা,

'নগ্ননির্জন হাত' কবিতায় কবি জীবনানন্দ দাশ এক রহস্যময় প্রণয় কাতর সংলগ্নতা কবিতার সারা দেহে ছড়িয়ে দিয়েছেন, — ব্যাখ্যা করো।

(খ) 'ফুল ফুটুক বা না ফুটুক' কবিতায় যাবতীয় নাটকীয়তা প্রায় ছোটগল্পের ব্যঞ্জনায় দেখা দিয়েছে উপসংহার অংশে, কবিতাটি অবলম্বনে বুঝিয়ে দাও। ১০

অথবা,



'বন্দীর বন্দনা' কবিতার নামকরণ, এক মানবপ্রাণের সৃষ্টি কর্তার উদ্দেশে ছুঁড়ে দেওয়া বিপ্রতীপ ভাষ্যে ব্যঞ্জনাময় হয়ে উঠেছে— আলোচনা করো।

৬। যে কোনো **তিনটি** প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাও : ৪×৩=১২

(ক) 'যজ্ঞানলে জনমিলা দাসী যাজ্ঞসেনী,
জান তুমি মহাযশা।'
মহাযশা কে? দাসী যাজ্ঞসেনীর যজ্ঞানলে জন্মের কাহিনি বিবৃত করো।

(খ) 'হেরি কাহার নয়ন
রাধিকার অশ্রু-আঁখি পড়েছিল মনে।'
— কবির এই জিজ্ঞাসা কাদের উদ্দেশে? বক্তব্যটির তাৎপর্য বিচার করো।

(গ) 'বন নিবাসিনী দাসী নমে রাজপদে,
রাজেন্দ্র।' — এখানে দাসী ও রাজেন্দ্র কে ?
দাসীর রাজপদে আত্মসমর্পণের কারণ লেখো।

(ঘ) "অভিভূত ধরণীর দীপ-নেভা তোরণ দুয়ারে
আসে রাত্রি,
আধা অন্ধ, আধা বোবা
বিরাট অস্পষ্ট মূর্তি"
কবি এখানে রাত্রির যে রূপ অঙ্কন করেছেন তার স্বরূপ ব্যক্ত করো।

P.T.O.

(৭)

P-III (1+1+1) H / 17(N+O)

2017

# BENGALI (Honours)

## Seventh Paper

Full Marks : 100 Time : Four Hours

### [New Syllabus]

**দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যাসমূহ প্রশ্নের মান নির্দেশক।**

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও।

১। বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের 'আরণ্যক' উপন্যাসটি কোনো ভ্রমণবৃত্তান্ত বা ডায়েরী নয়, এটি উপন্যাস— যুক্তিসহ এই মন্তব্যের যৌক্তিকতা বিচার করো। ১৬

**অথবা,**

বিভূতিভূষণের প্রকৃতি ও ইতিহাস চেতনা মিলিয়ে 'আরণ্যক' উপন্যাসের বৃহৎ প্রেক্ষাপট নির্মিত হয়েছে— আলোচনা করো।

২। আঞ্চলিক উপন্যাস হিসেবে 'তিতাস একটি নদীর নাম' উপন্যাসটি কতখানি সার্থক হয়ে উঠেছে— আলোচনা করো। ১৬

**অথবা,**

P.T.O.

'তিতাস একটি নদীর নাম' উপন্যাসে নারী চরিত্রগুলির মধ্যে 'অনন্তর মা' আলাদাভাবে পাঠকের দৃষ্টি আকর্ষণ করে— আলোচনা করো।

৩। অভিজিৎ সেনের 'রহু চণ্ডালের হাড়' উপন্যাসে ধ্বনিত হয়েছে নিম্নবর্গের মানুষের কণ্ঠস্বর— আলোচনা করো। ১৬

**অথবা,**

'রহু চণ্ডালের হাড়' উপন্যাসের নামকরণ কতখানি সার্থক হয়েছে — আলোচনা করো।

৪। যে কোনো **তিনটি** প্রশ্নের উত্তর দাও : ৬×৩=১৮

(ক) ভানুমতি চরিত্রটিকে ঘিরেই 'আরণ্যক' উপন্যাসের কাহিনি বৃত্তায়িত হয়েছে — এর পরিচয় দাও।

(খ) 'আরণ্যক' উপন্যাসের কাব্যিক (লিরিক) সৌন্দর্যের পরিচয় দাও।

(গ) 'তিতাস একটি নদীর নাম' উপন্যাসে বাসন্তী মালো সমাজের ব্যতিক্রমী চরিত্র— আলোচনা করো।

(ঘ) 'রহু চণ্ডালের হাড়' উপন্যাসে মিথের ব্যবহার প্রসঙ্গটির সংক্ষিপ্ত পরিচয় দাও।

(ঙ) 'রহু চণ্ডালের হাড়' উপন্যাসে বরেন্দ্র অঞ্চলের কৃষি জীবনের রূপটি সংক্ষেপে উল্লেখ করো।





৫। যে কোনো দু'টি প্রশ্নের উত্তর দাও : ১২×২=২৪

(ক) 'হারানের নাতজামাই' প্রতিবাদ ও প্রতিরোধের গল্প— তোমার মতামতসহ আলোচনা করো।

(খ) জগদীশ গুপ্তের 'বিধবা রতিমঞ্জরী' জটিল মনস্তত্ত্বের গল্প — আলোচনা করো।

(গ) 'ছিন্নমস্তা' গল্পের জয়াবতী চরিত্রটির বিশেষত্বের পরিচয় দাও।

(ঘ) 'বনের রাজা' গল্পে প্রকৃতির আদিমতাকে কেমনভাবে চিনিয়েছেন গল্পকার— আলোচনা করো।

৬। যে কোনো দু'টি বিষয়ে টীকা লেখো বা সংক্ষেপে আলোচনা করো : ৫×২=১০

(ক) ফালতু কোন্ গল্পের চরিত্র ? এই চরিত্র অবলম্বনে পাঠক সমাজের প্রতি কোন্ বার্তা দিতে চেয়েছেন সংক্ষেপে লেখো। ১+৪=৫

(খ) ডোমের চিতা

(গ) 'হারানের নাতজামাই' গল্পের ময়নার মা চরিত্রটির পরিচয় দাও।

P.T.O.

(ঘ) মনোমঞ্জরী কোন্ গল্পের চরিত্র ? চরিত্রটির বিশেষত্বের পরিচয় দাও। ১+৪=৫

---

## [Old Syllabus]

**দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যাসমূহ প্রশ্নের মান নির্দেশক।**

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও।

১। 'ধাত্রীদেবতা' উপন্যাসের নামকরণের মধ্যেই তার অন্তর্বাণী লুকিয়ে রয়েছে। এ প্রসঙ্গে লেখক ধাত্রীদেবতা বলতে কাকে বুঝিয়েছেন তা আলোচনা করো। ১৬

**অথবা,**

'ধাত্রীদেবতা' উপন্যাসে আমরা সামন্ততান্ত্রিক মনোভাব থেকে ক্রমশ সমাজতান্ত্রিক মনোভাবের দিকে অগ্রসর হচ্ছি। কীভাবে এই প্রক্রিয়া সংঘটিত হচ্ছে তা 'ধাত্রীদেবতা' উপন্যাসটি অবলম্বনে আলোচনা করো।

২। 'পদ্মানদীর মাঝি' একইসঙ্গে নদী ও মাঝিদের জীবনালেখ্য। প্রাসঙ্গিক উদাহরণসহ বিষয়টি পরিস্ফুট করো। ১৬

**অথবা,**





'পদ্মানদীর মাঝি' উপন্যাসে হোসেন মিঞা ও তার ময়নাদ্বীপ সম্পর্কে আলোচনা করো। ১০+৬=১৬

৩। 'জাগরী' উপন্যাসে 'বিলু'কে কেন্দ্র করেই সমস্ত ঘটনা আবর্তিত হয়েছে। এ প্রসঙ্গে 'বিলু' চরিত্রটি সম্পর্কে আলোচনা করো। ১৬

**অথবা,**

"গল্পটি ১৯৪২ সালের আগস্ট-আন্দোলনের পটভূমিকায় পড়িতে হইবে।"— লেখকের এই বক্তব্য অনুসারে 'জাগরী' উপন্যাসে বর্ণিত আগস্ট আন্দোলনের পরিচয় দাও।

৪।(ক) 'প্রথম প্রতিশ্রুতি' উপন্যাসে সত্যবতীর মানসিক বিকাশের পথে কোন কোন ঘটনা সহায়ক হয়ে উঠেছে, তা দেখাও। ১০

**অথবা,**

'প্রথম প্রতিশ্রুতি' উপন্যাসের মধ্যে ত্রয়ী (ট্রিলজি) উপন্যাসের বীজ কীভাবে লুকিয়ে আছে, তা আলোচনা করো।

(খ) 'প্রথম প্রতিশ্রুতি' উপন্যাসে সমকালের অন্তঃপুরের যে চিত্র ফুটে উঠেছে, তা স্পষ্ট করো। ১০

**অথবা,**

'প্রথম প্রতিশ্রুতি' উপন্যাসে 'রামকালী' ও 'ভুবনেশ্বরী' চরিত্রদু'টির ভূমিকা আলোচনা করো।

P.T.O.

৫।(ক) 'রেকর্ড' গল্পের নামকরণের সার্থকতা আলোচনা করো। ১০

অথবা,

মানুষ ও প্রকৃতি কীভাবে একসুতোয় গাঁথা পড়েছে, তা 'পুঁইমাচা' গল্পের 'ক্ষেন্তি' চরিত্রটি অবলম্বনে আলোচনা করো।

(খ) 'অঙ্গার' গল্পটির অন্তর্নিহিত তাৎপর্য বিশ্লেষণ করো। ১০

অথবা,

'লম্বকর্ণ' গল্পে পারিবারিক জীবনের যে চিত্র ফুটে উঠেছে, তা দেখাও।

৬। যে কোনো **তিনটি** প্রশ্নের উত্তর দাও : ৪×৩=১২

(ক) "তা হলে জানোয়ারে আর মানুষে তফাত কি?"— কোন্ উপন্যাসের অংশ ? বক্তা কে? কার উদ্দেশে এই উক্তি ? কোন্ ঘটনার প্রসঙ্গে এই উক্তি ? ১+১+১+১=৪

(খ) 'ধাত্রীদেবতা' উপন্যাসে 'রামরতন বাবু' চরিত্রটির ভূমিকা ও গুরুত্ব সংক্ষেপে লেখো। ৪

(গ) 'পদ্মানদীর মাঝি' উপন্যাসে 'মালা' চরিত্রটির উপযোগিতা সংক্ষেপে লেখো। ৪





(ঘ) "খাসা গড়নপিটন মেয়েটার।" কোন মেয়েটার কথা বলা হয়েছে ? তার সম্পর্কে সংক্ষেপে লেখো। ১+৩=৪

(ঙ) 'আপার ডিভিসন' ওয়ার্ড কি ? 'জাগরী' উপন্যাসে এর যে বর্ণনা পাওয়া যায় তা লিপিবদ্ধ করো। ১+৩=৪

---

# 2017

## BENGALI (Honours)

## Eighth Paper

Full Marks : 100 Time : Four Hours

**[New Syllabus]**

দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যাসমূহ প্রশ্নের মান নির্দেশক।

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও।

১।(ক) শূদ্রকের 'মৃচ্ছকটিক' নাটকের কাহিনিটি আলোচনা করো। তাতে সেকালের যে সমাজচিত্র ফুটে ওঠে তা নিজের ভাষায় বর্ণনা করো। ৫+৫=১০

অথবা,

জয়দেবের 'গীতগোবিন্দ' কাব্যের কাহিনিটি আলোচনা করো। এটিকে কোন্ শ্রেণির কাব্য বলা হয়? ৮+২=১০

(খ) মহাকবি গ্যেটে কালিদাসের 'অভিজ্ঞান শকুন্তলম' নাটককে স্বর্গ ও মর্ত্যের মিলনকেন্দ্র বলেছেন। মন্তব্যটির সার্থকতা আলোচনা করো। ১০

অথবা,

"'উত্তররামচরিত' ভবভূতির সর্বপ্রধান নাটক"— বিদ্যাসাগরের এই মন্তব্যের প্রেক্ষিতে নাটকটির মূল্যায়ন করো। ১০

P.T.O.

২।(ক) বার্ধক্য গ্রাস করলেও দাদী আম্মা আমৃত্যু তিন প্রজন্মের সংসারকে সচল রেখেছিলেন। মন্তব্যটির যৌক্তিকতা বিচার করো। ১০

**অথবা,**

গুরু নায়ককে খুনের ব্যর্থতা জ্যোতির্বীর জীবনে কীভাবে স্বস্তি এনে দিয়েছিল তা আলোচনা করো। ১০

(খ) শান্তারামের লেখা 'বাবা' গল্পটির বিষয়বস্তু আলোচনা ক'রে নামকরণের সার্থকতা বিচার করো। ১০

**অথবা,**

ভেঙ্কচিগের আসল নাম কী ? এবং লোকে তাকে কী বলে ডাকতো ? সে কীভাবে রঙ্গীকে পুনরায় সংসারে আশ্রয় দিয়ে মহানুভবতার পরিচয় দিয়েছিল সে বিষয়ে সংক্ষেপে আলোচনা করো। ১+১+৮=১০

৩। হিন্দি কাব্য সাহিত্যে সুমিত্রানন্দন পন্থ কোন্ নতুন বিশেষত্বের পরিচয় দিয়েছেন ? তাঁর কাব্যবৈশিষ্ট্যগুলির দিকচিহ্নের পরিচয় দাও। ৫+৫=১০

**অথবা,**

প্রেমচন্দ ও শরৎচন্দ্রের সাহিত্যের তুলনামূলক আলোচনা করো। ১০

৪। রস কাকে বলে? সংস্কৃত অলঙ্কারশাস্ত্রের বক্তব্য অনুসরণে দেখাও যে রসের প্রতীতিতে সহৃদয় পাঠকের গুরুত্ব লেখকের তুলনায় কিছুমাত্র গৌণ নয়। ১০





**অথবা,**

কাব্যের আত্মা হচ্ছে তার বাচ্য নয় 'ব্যঞ্জনা', 'কথা' নয় 'ধ্বনি' — তাৎপর্য বিশ্লেষণ করো। ১০

৫। 'সৌন্দর্যমূর্তিই মঙ্গলের পূর্ণমূর্তি এবং মঙ্গলমূর্তিই সৌন্দর্যের পূর্ণস্বরূপ।'— আলোচনা করো। ১০

**অথবা,**

'চিত্র ও সঙ্গীতই সাহিত্যের প্রধান উপকরণ'। — বিষয়টি পর্যালোচনা করো। ১০

৬। 'জ্ঞানের কথাকে প্রমাণ করিতে হয় আর ভাবের কথাকে সঞ্চার করিয়া দিতে হয়'— ব্যাখ্যা করো। ৫

**অথবা,**

আত্মগত ভাবোচ্ছ্বাস ও নীরব কবিত্বকে রবীন্দ্রনাথ বাজে কথা বলেছেন কেন ? ৫

৭। সংক্ষেপে আলোচনা করো (যে কোনো দুটি): ৫×২=১০

(ক) 'বাক্যং রসাত্মকং কাব্যম্'— কথাটি বুঝিয়ে দাও।

(খ) 'রীতিরাত্মা কাব্যস্য'— আলঙ্কারিকের এই মতটি কতখানি গ্রহণযোগ্য ?

(গ) স্থায়ীভাব কী ? — আলোচনা করো।

P.T.O.

৮। যে কোনো একটি বিষয়ে প্রবন্ধ রচনা করো : ১৫

(ক) গৌড়ীয় বৈষ্ণব দর্শন ও তত্ত্ব।

(খ) নাট্যকার বিজন ভট্টাচার্য।

(গ) তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়ের কথা সাহিত্যে লোকজীবন।

(ঘ) তোমার জেলার পত্রপত্রিকা ও এই সময়ের সাহিত্যচর্চা।

(ঙ) রবীন্দ্র ছোটগল্পে প্রকৃতি।

(চ) বাংলা ঐতিহাসিক নাটক।

(ছ) চর্যাপদের সমাজজীবন।

---

## [Old Syllabus]

**দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যাসমূহ প্রশ্নের মান নির্দেশক।**

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও।

১।(ক) 'কালিদাস শুধু সৌন্দর্য সম্ভোগের কবি নন, তিনি গভীর জীবনাদর্শেরও ব্যাখ্যাতা'— আলোচনা করো। ১০

**অথবা,**

ভবভূতির 'মালতীমাধব' নাটকের অঙ্কসংখ্যা কয়টি? এই নাটকের কাহিনি নির্মাণশৈলী আলোচনা করো। ২+৮=১০





(খ) শূদ্রকের 'মৃচ্ছকটিক' নাটকের কাহিনিটি আলোচনা করো। তাতে সেকালের সমাজের যে পরিচয় পাওয়া যায় তা দেখাও। ৫+৫=১০

**অথবা,**

বাণভট্টের আবির্ভাবকাল ও ব্যক্তিজীবনের পরিচয় দাও। তাঁর রচনাগুলি সংক্ষেপে আলোচনা করো। ৪+৬=১০

২।(ক) হিন্দি সাহিত্যের ইতিহাসে কবি ও নাট্যকার ভারতেন্দু হরিশ্চন্দ্রের ভূমিকা ও গুরুত্ব কতখানি আলোচনা করো। ১০

**অথবা,**

সুমিত্রা নন্দন পন্থ-এর কবিতার বৈশিষ্ট্যগুলি আলোচনা করে হিন্দী কাব্যসাহিত্যে তাঁর স্থান নির্ণয় করো। ১০

(খ) হিন্দী কথা সাহিত্যে প্রেমচন্দের অবদান আলোচনা করো। ১০

**অথবা,**

মৈথেলী শরণ গুপ্ত কোন্ যুগের প্রতিনিধি ? তাঁর কাব্যধারা আলোচনা করো। ১+৯=১০

৩। ধ্বনির শ্রেণিবিভাগ করো। প্রত্যেক শ্রেণির দৃষ্টান্ত দাও। কোন্ শ্রেণির ধ্বনিকে শ্রেষ্ঠ কাব্যের লক্ষণ বলে ধরা হয় এবং কেন ? ২+২+১২=১৬

**অথবা,**

রস ও কাব্যের জগৎকে অলৌকিক মায়ার জগৎ বলার কারণ উদাহরণসহ আলোচনা করে দেখাও। ১৬

P.T.O.

৪। "সাহিত্যের বিষয় মানবহৃদয় এবং মানবচরিত্র"— রবীন্দ্রনাথের এই মতটি বিশ্লেষণ করো। ১৬

**অথবা,**

'কাব্য : স্পষ্ট ও অস্পষ্ট' প্রবন্ধ অবলম্বনে রবীন্দ্রনাথ কীভাবে অস্পষ্ট কাব্যের সমর্থন করেছেন — তা আলোচনা করো। ১৬

৫।(ক) রবীন্দ্রনাথের সাহিত্যতত্ত্বকে কোন শ্রেণিভুক্ত করা যায় এবং কেন ? ১+৩=৪

**অথবা,**

'আনন্দের মধ্যেই আমাদের মুক্তি'— কথাটি ব্যাখ্যা করো। ৪

(খ) 'কাব্যং গ্রাহ্যমলং কারাত'— এই মতটির প্রবক্তা কে? তিনি কোন্ শতকের মানুষ ছিলেন ? অংশটি অতি সংক্ষেপে ব্যাখ্যা করো। ১+১+২=৪

**অথবা,**

রস কাকে বলে ? রসকে 'সহৃদয় হৃদয় সংবাদী' বলার কারণ কী ? ১+৩=৪

৬। যে কোনো **একটি** বিষয় অবলম্বনে প্রবন্ধ রচনা করো : ২০

(ক) স্বদেশী আন্দোলন ও রবীন্দ্র উপন্যাস।

(খ) মঙ্গল কাব্যে অন্ত্যজ শ্রেণির মানুষের জীবনচ্ছবি।

(গ) রবীন্দ্র উত্তর বাংলা কবিতা ও জীবনানন্দ দাশ।



(ঘ) স্বাধীনতা উত্তর বাংলা উপন্যাসের গতিপ্রকৃতি।

(ঙ) মালদহ জেলার লোকসংস্কৃতি ও লোকসাহিত্য।

(চ) সপ্তদশ শতকের বাংলাদেশের বাইরে রচিত রোমান্টিক সাহিত্য।

(ছ) উত্তর আধুনিক বাংলা ছোটগল্পের গতিপ্রকৃতি।